

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩২৬

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ মুসাফির মুকীমের জন্য জন্য মোজার উপর নির্দিষ্ট সময় পর্যন্ত মাসেহ করার বৈধতা, যে সময় অতিক্রম করা বৈধ নয়

ذِكْرُ إِبَاحَةِ الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ لِلْمُسَافِرِ وَالْمُقِيمِ مَعًا مُدَّةً مَعْلُومَةً لَيْسَ لَهُمَا أَنْ يُجَاوِزَاهُمَا

আরবী

1326 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنِ الرَّيَانِيُّ بِبُسْتَ قَالَ: حَدَّثَنَا حُمَيْدُ بْنُ زَنْجُويْهِ قَالَ: حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ أَبِيهِ عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ عَنْ عَمْرِو زَنْجُويْهِ قَالَ: حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ أَبِيهِ عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ عَنْ عَمْرِو بُنِ مَيْمُونٍ عَنْ أَبِي عَبْدِ اللَّهِ الْجَدَلِيِّ عَنْ خُزَيْمَةَ بْنِ ثَابِتٍ قَالَ: جَعَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَسْحَ عَلَى الْخُفَّيْنِ ثَلَاثَةَ أَيَّامٍ لِلْمُسَافِرِ وَيَوْمًا وَلَيْلَةً لِلْمُقِيمِ وَلَوْ مَضَى السَّائِلُ عَلَى مَسْأَلَتِهِ لَجَعَلَهَا خَمْسًا.

الراوي: خُزَيْمَة بْن ثَابِتٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1326 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩২৬. খুযাইমাহ বিন সাবিত রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মোজার উপর মাসেহ করার ক্ষেত্রে মুসাফিরের জন্য তিনদিন এবং মুকীমের জন্য একদিন একরাত সময়সীমা নির্ধারণ করে দিয়েছেন।"

রাবী বলেন, "যদি প্রশ্নকারী তার প্রশ্ন জারী রাখতেন, তবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পাঁচ দিন সময় নির্ধারণ করে দিতেন।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৭৭; মুসনাদ আহমাদ: ৫/২১৪; তাবারানী আল কাবীর: ৩৭৪৯; মুসান্নাফ



আব্দুর রাযযাক: ৭৯০; সুনান বাইহাকী: ১/২৭৭; হুমাইদী: ৪৩৫; ইবনু মাজাহ: ৫৫৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৪৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ খুযাইমাহ ইবনু ছাবিত আল আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন